গাংনীর কাথুলীতে তৃতীয় ধাপে ১৮০০ মিটার নদী খননের কাজের সূচনা

আজ শনিবার সকাল ১১ সময় তৃতীয় ধাপের ভৈরব নদী খননের কাজের সূচনা করেন ঠিকাদারি প্রতিষ্ঠান ইউনুস এন্ড ব্রাদার্স প্রোঃমোঃ ইউনুস আলী।

উপস্থিত ছিলেন ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃসেলিম রেজা,বাড়াদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম, পানি উন্নয়ন বোর্ডের এস ও আলমগীর হোসেন,এ্যাসিসটেন্ট ইন্জিনিয়ার শান্ত, কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রহমান, কাথুলী ইউনিয়ন পরিষদের ১ নং ওয়ার্ডের মেম্বর বাবলু বিশ্বাস, ২ নং ওয়ার্ডের মেম্বর জিনারুল ইসলাম, সহ স্থানীয় নেতৃবৃন্দ।

ঠিকাদারি প্রতিষ্ঠান ইউনুস এন্ড ব্রাদার্সের সত্বাধিকার দীপু মিয়া জানান আজকে তৃতীয় ধাপের ভৈরব নদী খননের কাজ সুরু করা হচ্ছে।আনুষ্ঠানিক ভাবে ৬ তারিখে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি শুভ উদ্বোধন করবেন। কাথুলী বেল্টে ১৮০০ মিটার নদী খননের কাজ করা হবে।এবং মেহেরপুর বেল্টে ১৫০০ মিটার কাজ শুরু হবে।তার ধারাবাহিকতায় আজকে নদী খননের কাজ শুরু করা হয়েছে।

এ বিষয়ে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও বাংলাদেশ সরকারের জন প্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রী ফরহাদ হোসেন এমপির নেতৃত্বে মেহেরপু জেলার উন্নয়ন সাধিত হচ্ছে। ইতিমধ্যে মন্ত্রী মহোদয় ৬০ কিলোমিটার নদী খননের কাজ সম্পন্ন করেছেন।এবারও কাথুলী বেল্টে ভারত সীমান্তের শেষ পর্যন্ত ১৮০০ মিটার নদী খননের কাজ শুরু করা হচ্ছে।আগামী ৬ তারিখে মন্ত্রী মহোদয় আনুষ্ঠানিক ভাবে শুভ উদ্বোধন করবেন।

কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা জানান মেহেরপুর জেলার উন্নয়নের জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি ইতিমধ্যে যে উন্নয়ন করেছেন তা আজ দৃশ্যমান। তার ধারাবাহিকতায় আজকে ভৈরব নদী খননের কাজের শুরু করেছেন।সে জন্য মন্ত্রী মহোদয় কে ধন্যবাদ

জানাই এবং কুতুবপুর ইউনিয়নে বিভিন্ন স্থানে উন্নয়ন কাজ চলমান রয়েছেন।